গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি সংস্কার বোর্ড

উন্নয়ন ও পরিকল্পনা শাখা

# ভূমি সংস্কার বোর্ড-এর প্রকাশনা নির্দেশিকা, ২০২৪

ডিসেম্বর ২০২৪

## ১. সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

(ক) এই নির্দেশিকা 'ভূমি সংস্কার বোর্ড-এর প্রকাশনা নির্দেশিকা, ২০২৪' নামে অভিহিত হইবে;

(খ) এই নির্দেশিকা ভূমি সংস্কার বোর্ড এবং এর আওতাধীন অফিসসমূহের ভূমি বিষয়ক প্রকাশনার ক্ষেত্রে প্রযোজ্য হইবে; এবং

(গ) এই নির্দেশিকা ০১ ডিসেম্বর ২০২৪ তারিখ হইতে কার্যকর হইবে।

## ২. সংজ্ঞা

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রকাশনা নির্দেশিকায়—

(ক) 'বোর্ড' বলিতে ভূমি সংস্কার বোর্ডকে বুঝাইবে;

(খ) 'কমিটি' বলিতে এই নির্দেশিকার প্রকাশনা কমিটিকে বুঝাইবে;

(গ) 'প্রকাশনা' বলিতে ভূমি বিষয়ক গবেষণাধর্মী বা প্রাথমিক তথ্য-উপাত্ত সংবলিত মৌলিক প্রবন্ধ বা প্রবন্ধগুচ্ছ, শব্দকোষ বা অভিধান, আইনের ভাষ্য বা ব্যাখ্যা, অনুবাদকর্ম এবং বোর্ড-এর বার্ষিক প্রতিবেদন, বার্তা, সাময়িকী, সংকলন, সম্মেলন/কর্মশালা প্রতিবেদন, প্রশিক্ষণ মডিউল, প্রতিষ্ঠান প্রোফাইলসহ এ সংশ্লিষ্ট অন্যান্য প্রকাশনাকে বুঝাইবে;

(ঘ) 'পাণ্ডুলিপি' বলিতে মুদ্রণের জন্য তৈরি করা হাতেলেখা বা টাইপ করা কপিকে বুঝাইবে;

(ঙ) 'লেখক' বলিতে অনুচ্ছেদ ২

(গ)-এ বর্ণিত বিষয়ে যিনি বা যাহারা স্ব-রচিত পাণ্ডুলিপি জমা দিবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে স্ব-রচিত পাণ্ডুলিপিতে সংশোধন ও পরিমার্জনপূর্বক পুনরায় জমা দিবেন তাহাকে বা তাহাদেরকে বুঝাইবে;

(চ) 'সংকলক' বলিতে অনুচ্ছেদ ২(গ)-এ বর্ণিত বিষয়ে যিনি বা যাহারা সংকলিত পাণ্ডুলিপি জমা দিবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে সংকলিত পাণ্ডুলিপি সংশোধন ও পরিমার্জন করিবেন তাহাকে বা তাহাদেরকে বুঝাইবে;

(ছ) 'অনুবাদক' বলিতে অনুচ্ছেদ ২(গ)-এ বর্ণিত বিষয়ে যিনি বা যাহারা স্ব-অনূদিত পাণ্ডুলিপি জমা দিবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে স্ব-অনূদিত পাণ্ডুলিপি সংশোধন ও পরিমার্জন করিবেন তাহাকে বা তাহাদেরকে বুঝাইবে;

(জ) ‘সম্পাদক’ বলিতে যিনি বা যাহারা দাখিলকৃত বা সংগৃহীত পাণ্ডুলিপিতে প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জন করিবেন তাহাকে বা তাহাদেরকে বুঝাইবে;

(ঝ) ‘নিরীক্ষক’ বলিতে যিনি বা যাহারা single blind peer review পদ্ধতি অনুসরণপূর্বক পাণ্ডুলিপি পর্যালোচনা করিবেন তাহাকে বা তাহাদেরকে বুঝাইবে;

(ঞ) ‘প্রুফ রিডার’ বলিতে যিনি বা যাহারা পাণ্ডুলিপির মুদ্রণ-প্রমাদ পরিবীক্ষণ করিবেন এবং মন্তব্যসহ তা সংশোধন ও পরিমার্জনের জন্য সুপারিশ প্রদান করিবেন তাহাকে বা তাহাদেরকে বুঝইবে; এবং

(ট) ‘উপাত্ত বিন্যাসকারী’ বলিতে যিনি বা যাহারা সুপারিশ অনুযায়ী পাণ্ডুলিপির মুদ্রণ-প্রমাদ সংশোধন, অক্ষরবিন্যাস ও অঙ্গসজ্জার কাজ করিবেন তাহাকে বা তাহাদেরকে বুঝাইবে; এবং

(ঠ) ‘প্রচ্ছদ শিল্পী’ বলিতে যিনি প্রকাশনার বিষয়বস্তুর সাথে সংগতিপূর্ণ মলাট ডিজাইনের কাজ করিবেন তাহাকে বুঝাইবে।

**৩. উদ্দেশ্য**

(ক) ভূমি সংশ্লিষ্ট মানসম্মত প্রকাশনা নিশ্চিতকরণ ও আর্কাইভকরণ

(খ) সরকারি আইন-কানুন, বিধি-বিধান, ভূমি ব্যবস্থাপনা ও ভূমিসেবা সম্পর্কিত জনকল্যাণকর উদ্যোগ বা ধারণা, প্রাতিষ্ঠানিক অর্জন, কর্মপরিকল্পনা ইত্যাদি প্রকাশে উৎসাহিতকরণ; এবং

(গ) ভূমি ব্যবস্থাপনা ও ভূমিসেবায় সম্পৃক্ত কর্মচারীদের প্রকাশনায় দক্ষতা বৃদ্ধি ও লিখন-শৈলীর উৎকর্ষ সাধন।

## ৪. প্রকাশনা কমিটি

প্রকাশনা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে নিম্নরূপ কমিটি থাকিবে–

| | | |
|---|---|---|
| ০১ | সদস্য (প্রশাসন) | সভাপতি |
| ০২ | উপ-ভূমি সংস্কার কমিশনার-৩ (মাঠ প্রশাসন ও উন্নয়ন) | সদস্য |
| ০৩ | উপ-ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন) | সদস্য |
| ০৪ | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ (পরিকল্পনা ও উন্নয়ন) | সদস্য |
| ০৫ | সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন) | সদস্য-সচিব |

## ৫. কমিটির কার্যপরিধি

(ক) বার্ষিক প্রকাশনা পরিকল্পনা প্রণয়ন ও বোর্ড-এর অনুমোদন গ্রহণ;

(খ) প্রকাশনার জন্য লেখা আহ্বান, সংগ্রহ, পর্যালোচনা ও নির্বাচন;

(গ) সম্পাদক, নিরীক্ষক, প্রুফ রিডার, উপাত্ত বিন্যাসকারী এবং প্রচ্ছদ শিল্পী মনোনয়ন;

(ঘ) পাণ্ডুলিপি সংশোধন, সংযোজন ও পরিমার্জনের বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদান;

(ঙ) প্রকাশনার সংখ্যা নির্ধারণ এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রকাশনার বিক্রয়মূল্য/কমিশন নির্ধারণ/পুনঃনির্ধারণ;

(চ) প্রকাশনা সংক্রান্ত কাজে কমিটি প্রয়োজনবোধে যেকোন সময় সভায় মিলিত হইতে পারিবে;

(ছ) প্রকাশনার জন্যে লেখা আহ্বান থেকে চূড়ান্ত প্রকাশনা পর্যন্ত সকল কার্যক্রমের ধারাবাহিক প্রতিবেদন কমিটি বোর্ডের নিকট উপস্থাপন করিবেন; এবং

(জ) চূড়ান্ত প্রকাশনার জন্য বোর্ড-এর অনুমোদন গ্রহণ;

## ৬. অর্থসংস্থান

বোর্ডের প্রধান কার্যালয়ের রাজস্ব বাজেটের প্রকাশনা খাত (৩২১১১২৮) থেকে সম্মানি ও আনুষঙ্গিক ব্যয় বহন করা হইবে।

**৭. সম্মানি****

(ক) যথাযথ কর্তৃপক্ষের/ বোর্ডের অনুমোদনক্রমে সম্মানির হার নিম্নরূপ হইবে—

| ক্রমিক নং. | ব্যক্তিত্ব | ব্যক্তিত্বের সংখ্যা | কার্যক্রমের সংখ্যা | সম্মানির হার |
|---|---|---|---|---|
| ০১ | লেখক/সংকলক/অনুবাদক | এক বা একাধিক | - | ২০,০০০/- (প্রকাশনা প্রতি) (প্রবন্ধ প্রতি ১,৫০০/-) |
| ০২ | সম্পাদক | একজন | - | ৫,০০০/- (প্রকাশনা প্রতি) |
| ০৩ | নিরীক্ষক | অনধিক দুইজন | - | ৩,০০০/- (জন প্রতি) |
| ০৪ | প্রুফ রিডার | অনধিক তিনজন | - | ২০/- প্রতি পৃষ্ঠা |
| ০৫ | উপাত্ত বিন্যাসকারী | অনধিক তিনজন | - | ১,০০০/- (প্রকাশনা ও জনপ্রতি) |
| ০৬ | প্রচ্ছদ শিল্পী | একজন | - | ২,০০০/- (প্রকাশনা প্রতি) |
| ০৭ | প্রকাশনা কমিটির সদস্য | পাঁচজন | এক অর্থবছরে অনধিক পাঁচটি সভা | ২,৫০০/- (সভাপতি সভা প্রতি) ২,০০০/- (সদস্য সভা প্রতি) |
| ০৮ | সাপোর্টিং স্টাফ | তিনজন | এক অর্থবছরে অনধিক পাঁচটি সভা | ৫০০/- (জন প্রতি) |

(খ) বোর্ড-এর অনুমোদনক্রমে প্রাপ্য সম্মানি প্রদান করা যাইবে; এবং

(গ) সম্মানি ও আনুষঙ্গিক ব্যয়ের ক্ষেত্রে বিধি মোতাবেক ভ্যাট/ট্যাক্স কর্তন করিতে হইবে।

**৮. প্রকাশনা বিক্রয় ও বিতরণ**

(ক) বোর্ডের অনুমোদনক্রমে প্রকাশনা বিক্রয় করা যাইবে;

(খ) প্রকাশনা সংশ্লিষ্ট লেখক/সংকলক/অনুবাদক ও সরকারের সংশ্লিষ্ট দপ্তরে বিতরণ করা যাইবে; এবং

(গ) প্রকাশনার বিক্রয়লব্ধ অর্থ সরকারি আয় হিসেবে বিবেচিত হইবে।

**৯. প্রকাশনার স্বত্ব ও ISBN গ্রহণে প্রয়োজনীয় ব্যয়**

বোর্ড কর্তৃক প্রকাশিত প্রকাশনাসমূহের স্বত্ব বোর্ডের থাকিবে। বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property) ও কপিরাইট (Copyright)-সংক্রান্ত বিষয়ে প্রচলিত আইন এবং বিধি-বিধান প্রযোজ্য হইবে। গ্রন্থের ISBN গ্রহণে আনুষঙ্গিক খরচ প্রকাশনা খাত থেকে নির্বাহ করা যাইবে।

**১০. নির্দেশিকার সংশোধন ও অস্পষ্টতা দূরীকরণ**

(ক) এই নির্দেশিকার যে কোনো ধরনের পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা সংশোধন করিবার ক্ষমতা বোর্ড সংরক্ষণ করিবে; এবং

(খ) এতদ্ব্যতীত এই নির্দেশিকার কোনো নির্দেশ/বাক্য/শব্দের ব্যাখ্যা বা অর্থ নির্ধারণ কিংবা বিশেষ কোনো পরিস্থিতির উদ্ভব হইলে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।